



নোবিপ্রবি/রেজি/একা/২০২৪/ ১২২৩০

০৪ নভেম্বর ২০২৪


বিষয় : UGC কর্তৃক মেধাবৃত্তির মনোনয়ন আহ্বান প্রসঙ্গ।

অতিব জরুরী

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্মারক নং-৩৭.০১.০০০০.০৭১.৩৪.০০২.২০.১০৩৫ তারিখ- ০২-১০-২০২৪ মোতাবেক বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা হতে প্রেরিত UGC মেধাবৃত্তির মনোনয়ন সংক্রান্ত নোটিশ এতদসঙ্গে প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো। প্রত্যেক অনুষদ থেকে সর্বোচ্চ সিজিপিএ/ নম্বর প্রাপ্ত ০১ জন শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ ০১ (এক) জন প্রতিবন্ধীর নাম সংশ্লিষ্ট অনুষদের ডিন মহোদয় চূড়ান্ত করে মূল কপি ও সফটকপি (বাধ্যতামূলক) helaly@admin.nstu.edu.bd এই ই-মেইলে আগামী ১২/১১/২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিদ্র: চূড়ান্ত মনোনয়নকৃত শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের কপিসমূহ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করে আবেদনের সাথে জমা দিতে হবে।

সংযুক্তি: ইউজিসি থেকে প্রেরিত পত্র।


মোহাম্মদ সাইফুদ্দীন ৪/১১/২৪
ডেপুটি রেজিস্ট্রার
শিক্ষা শাখা, রেজিস্ট্রার দফতর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

প্রাপক : ১। ডিন, সকল অনুষদ, নোবিপ্রবি।


২। চেয়ারম্যানবৃন্দ-সকল বিভাগ, নোবিপ্রবি (শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)।

নোবিপ্রবি/রেজি/একা/২০২৪/ ১২২৩০

০৪ নভেম্বর ২০২৪

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক দফতর, নোবিপ্রবি। (শিক্ষার্থীদের ট্রান্সক্রিপ্টের কপিসমূহ সত্যায়িত করার অনুরোধসহ)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), সাইবার সেন্টার দফতর, নোবিপ্রবি। (প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দফতর, নোবিপ্রবি। (প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দফতর, নোবিপ্রবি।
- ৫। শাখা কর্মকর্তা, ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দফতর, নোবিপ্রবি।
- ৬। নথি।
- ৭। মহানথি।


মো: রেজাউল করিম ০৪/১১/২০২৪
সহকারী রেজিস্ট্রার
শিক্ষা শাখা, রেজিস্ট্রার দফতর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।



DR(M)
মুহুর্ত
৪/১১/২৪
APL se
Mojib
04.11.24
১১/১১/২৪

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
স্কলারশিপ এন্ড ফেলোশিপ শাখা

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৩৪.০০২.২০.১০৩৫

১৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০২ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য ইউজিসি মেধাবৃত্তি ২০২৪ এর মনোনয়ন আহ্বান।

জনাব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মেধাবৃত্তি প্রোগ্রামের আওতায় পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের প্রত্যেক অনুষদ থেকে একজন করে মেধাবৃত্তির জন্য মনোনয়ন প্রদানের বিধান রয়েছে।

২। বর্ণিত অবস্থায়, আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের উদ্দেশ্যে যেসকল মেধাবী শিক্ষার্থী সর্বশেষ শিক্ষাবর্ষে স্নাতক পরীক্ষা সম্পন্ন করেছেন এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত আছেন সেসকল শিক্ষার্থীদের মধ্যে অনুষদে সর্বোচ্চ সিজিপিএ/নম্বর শিক্ষার্থীদের মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র প্রকৌশল, কৃষি ও চিকিৎসা বিষয়ক অনুষদের ক্ষেত্রে সকল বিভাগের স্নাতক (শেষবর্ষ)-এর পূর্বের পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর পরই উক্ত ফলাফলের ভিত্তিতে প্রতি অনুষদ থেকে একজন শিক্ষার্থীর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ ০১ (এক) জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে (প্রতি বছর হিসাবে মোট ০৪ বছরের জন্য) বৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থীর বিবরণ একই তালিকায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রতিবন্ধী হিসেবে বিবেচনার ক্ষেত্রে দৃষ্টিহীন প্রতিবন্ধীকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে।

৫। একই শিক্ষাবর্ষে একই অনুষদ থেকে একাধিক শিক্ষার্থীর মনোনয়ন না পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৬। এমতাবস্থায়, মনোনীত শিক্ষার্থীদের মনোনয়ন ফরম পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে আগামী ১৪-১১-২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিশেষ দৃষ্টব্যঃ প্রত্যেক অনুষদের আবেদন পত্র ও বিবরণসহ অবশ্যই তাদের রেজিস্ট্রারের অগ্রায়নপত্রের (শিক্ষার্থীদের নামের সংক্ষিপ্ত তালিকাসহ) মাধ্যমে একসাথে পাঠাতে হবে।

উক্ত পত্র জারির পর কমিশন থেকে মেধাবৃত্তির জন্য আর কোনো মনোনয়ন আহ্বান করা হবে না, বরং বিশ্ববিদ্যালয়সমূহ উক্ত নির্দেশনা মোতাবেক কমিশনে যথাসময়ে মনোনয়ন প্রেরণ করবেন। ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নীতিমালা ও আবেদন ফরম কমিশনের ওয়েব সাইট (www.ugc.gov.bd) থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

০২-১০-২০২৪

মোহাম্মদ নজরুল ইসলাম

উপপরিচালক (স্কলারশিপ এন্ড ফেলোশিপ)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):